



অনার্স ১ম বর্ষ ভর্তি পরীক্ষা ২০১৮-২০১৯
ইউনিট -১ (বিজ্ঞান শাখা)

তারিখঃ ০৯/০১/২০১৯

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষে ১ম সেমিস্টার ভর্তির জন্য ইউনিট-১ (বিজ্ঞান শাখা)-এ যে সব পরীক্ষার্থীকে গত ০৩/০১/২০১৯ তারিখ বিষয় বরাদ্দ দিয়ে স্লিপ দেয়া হয়েছিল তাদের বিষয় পছন্দ না থাকার কারণে উক্ত বিষয় বরাদ্দ স্লিপ বাতিল করা হয়। এমতাবস্থায় পুনরায় বিষয় বরাদ্দ দেয়ার নিমিত্তে তাদেরকে নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী বিষয় পছন্দ ফরম পূরণ এবং অন্যান্য ভর্তি সংক্রান্ত কাজ সম্পন্ন করার জন্য বলা হল।

পরীক্ষার্থীকে অগ্রাধিকার ভিত্তিতে বিষয় পছন্দ করতে হবে। ওয়েবসাইটে প্রদর্শিত তালিকার সবগুলো বিষয়কেই অগ্রাধিকার অনুযায়ী পছন্দ করতে হবে। অগ্রাধিকারের ভিত্তিতে বিষয় পছন্দ করা খুবই গুরুত্বপূর্ণ। পরবর্তী সময়ে পরীক্ষার্থীর প্রদত্ত বিষয় পছন্দক্রম কোন অবস্থাতেই পরিবর্তন করা যাবে না। তাই ভর্তিচ্ছু শিক্ষার্থীকে ভেবেচিন্তে বিষয়ক্রম সাজাতে হবে।

আরো উল্লেখ্য যে, নির্দিষ্ট সময়ের মধ্যে বিষয় পছন্দ (Subject Choice) করতে না পারলে কোন বিষয়ে ভর্তির জন্য বিবেচনার কোন সুযোগ থাকবে না।

সময়সূচিঃ

- বিষয় পছন্দ করার সময় সূচি: ১১/০১/২০১৯ তারিখ বেলা ১২.০০ টা থেকে ১২/০১/২০১৯ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত।
- বিষয় প্রাপ্ত শিক্ষার্থীদের তালিকা প্রকাশের তারিখ: ১৩/০১/২০১৯
- বিষয় প্রাপ্ত শিক্ষার্থীদের টাকা জমা দেয়ার তারিখ: ১৪/০১/২০১৯ তারিখ বেলা ১২.০০ টা থেকে ১৫/০১/২০১৯ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত।
- বিভাগে সার্টিফিকেটসহ অন্যান্য কাগজপত্র জমা দেয়ার তারিখ: ১৪/০১/২০১৯ থেকে ১৬/০১/২০১৯ তারিখ (সকাল ৮.০০ টা থেকে বিকাল ৪.০০ টা অফিস চলাকালীন সময়) পর্যন্ত।

(অধ্যাপক ড. কাজী সাইফুদ্দিন)
ডিন, লাইফ এন্ড আর্থ সাইন্স অনুষদ
এবং
সমন্বয়ক ইউনিট -১ (বিজ্ঞান শাখা)